



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
খাদ্য অধিদপ্তর  
চলাচল পরিকল্পনা, সড়ক এবং রেল শাখা  
খাদ্য ভবন, ১৬ আব্দুল গণি রোড, ঢাকা-১০০০  
[www.dgfood.gov.bd](http://www.dgfood.gov.bd)



স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৮১.৫০.০০৪.১৭.২৭১

তারিখ: ১১ চৈত্র ১৪২৭

২৫ মার্চ ২০২১

বিষয়: **Mv. STAR DORADO** জাহাজ হতে ১২৮০০ মে.টন ঢালা গমের চলাচল সূচি

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জি টু জি-৬ তারিখ : ২৩/০২/২০২১ খ্রি. তারিখের অধীনে Mv. STAR DORADO জাহাজ ২৩/০৩/২০২১ খ্রি. তারিখে চট্টগ্রাম বহির্নৌজারে অবস্থান করছে। উক্ত জাহাজের গম দ্রুত খালাসের স্বার্থে ২৫/০৩/২০২১ খ্রি. তারিখের MoU চুক্তি স্বাক্ষরিত হয়। স্বাক্ষরিত সমঝোতা স্মারক মোতাবেক চট্টগ্রাম বহির্নৌজারে অবস্থিত Mv. STAR DORADO জাহাজ হতে নারায়ণগঞ্জ সাইলোর অনুকূলে ১২৮০০ মে.টন ঢালা গম বীমা ও অন্যান্য সরকারি পাওনা পরিশোধ সাপেক্ষে চলাচলসূচি নিম্নোক্ত নির্দেশনাবলি যথাযথভাবে পরিপালনের শর্তে নির্দেশক্রমে জারি করা হলো।

চট্টগ্রাম বহির্নৌজার হতে নৌপথে গমের চলাচলসূচি

ক্র. নং	জাহাজের নাম	প্রাপক জেলা	প্রাপক কেন্দ্র	পরিমাণ (মে.টন)	পণ্য	রুট	মন্তব্য
১.	Mv. STAR DORADO জাহাজ হতে	নারায়ণগঞ্জ	নারায়ণগঞ্জ সাইলো	১২৮০০	ঢালা গম	নৌপথ	চসসা বিভাগ উপসূচি জারি করবেন।
			মোট =	১২৮০০			

**নির্দেশনাবলি:**

১। (ক) নারায়ণগঞ্জ সাইলোর উদ্দেশ্যে মাদার ভেসেল থেকে পরিবাহিতব্য গম সাইলোতে প্রাপ্তি না হওয়া পর্যন্ত গমের সকল দায়-দায়িত্ব সরবরাহকারীর উপর বর্তাবে এবং Unloading এর ক্ষেত্রে Stevedoring খরচ সরবরাহকারী প্রতিষ্ঠানকে বহন করতে হবে। এক্ষেত্রে সরকারি কোন অর্থ ব্যয় করা যাবে না।

(খ) নারায়ণগঞ্জ সাইলোতে গম গ্রহণের পূর্বে গমের বিনির্দেশ যথাযথ কি না তা পরীক্ষা করে নিশ্চিত হয়ে গ্রহণ করতে হবে।

(গ) বিধি মোতাবেক অন্যান্য সকল নিয়মনীতি অনুসরণ করতে হবে।

২। চসনি, চট্টগ্রাম ও সাইলো অধীক্ষক, নারায়ণগঞ্জ গম পরিবহণ, বোঝাই ও খালাস কার্যক্রম তদারকি করবেন। কোথাও অনিয়ম বা সমস্যার উদ্ভব হলে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ তাৎক্ষণিক ব্যবস্থা গ্রহণ করবেন এবং নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষসহ খাদ্য অধিদপ্তরকে হরিত অবহিত করবেন;

৩। কীট আক্রান্ত কোন খাদ্যশস্য প্রেরণ করা যাবে না;

৪। MoU মোতাবেক উল্লিখিত চলাচলসূচির যাবতীয় কার্যাবলি সম্পন্ন করতে হবে।

৫। MoU মোতাবেক চসনি, চট্টগ্রাম ভি-ইনভয়েস ইস্যু করবেন এবং ভি-ইনভয়েসে গমের গুণগতমান ও ধরন সম্পর্কে সুস্পষ্টভাবে উল্লেখ করতে হবে;

৬। সূচির মেয়াদ শেষ হওয়ার পর চসনি, চট্টগ্রাম কর্তৃক ঠিকাদারভিত্তিক প্রেরণ বিবরণী প্রস্তুতপূর্বক ই-মেইল যোগে অধিদপ্তরে চলাচল, সংরক্ষণ ও সাইলো বিভাগে প্রেরণ করবেন; অনুরূপভাবে সাইলো অধীক্ষক, নারায়ণগঞ্জ ঠিকাদারভিত্তিক প্রাপ্তি বিবরণী ই-মেইল যোগে অধিদপ্তরে প্রেরণ করবেন;

৭। চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক, চট্টগ্রাম ও সাইলো অধীক্ষক, নারায়ণগঞ্জ এই সূচি অফিসিয়াল ফেসবুক পেজ/ওয়েবসাইটে আপলোড করবেন;

৮। এই সূচির মেয়াদ আগামী ৩১/০৩/২০২১ খ্রি. তারিখ পর্যন্ত বলবৎ থাকবে এবং চলাচল সংক্রান্ত যাবতীয় নীতিমালা পালন করতে হবে;

৯। সূচির নির্ধারিত মেয়াদের মধ্যে ঠিকাদার খাদ্যশস্য পরিবহণে ব্যর্থ হলে প্রশাসনিক ব্যবস্থা গ্রহণসহ জরুরি বিবেচনায় পরবর্তীতে নতুন সূচি কিংবা সরকারি স্বার্থে আগ্রহী ঠিকাদারদের অনুকূলে উপ-সূচি জারি করা হবে।

এতে মহাপরিচালক মহোদয়ের অনুমোদন রয়েছে।



২৫-৩-২০২১

মোঃ ফজলে রাব্বী হায়দার

উপ-পরিচালক

প্রাপক :

১) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের

দপ্তর, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, চট্টগ্রাম

২) সাইলো অধীক্ষক, চট্টগ্রাম সাইলো

৩) চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক, চলাচল ও সংরক্ষণ

নিয়ন্ত্রকের কার্যালয়, চট্টগ্রাম

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৮১.৫০.০০৪.১৭.২৭১/১(৯)

তারিখ: ১১ চৈত্র ১৪২৭

২৫ মার্চ ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো:

১) মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর

২) অতিরিক্ত মহাপরিচালক (চলতি দায়িত্ব), অতিরিক্ত মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর

৩) পরিচালক, হিসাব ও অর্থ বিভাগ, খাদ্য অধিদপ্তর

৪) পরিচালক, সংগ্রহ বিভাগ, খাদ্য অধিদপ্তর

৫) পরিচালক, সরবরাহ, বন্টন ও বিপণন বিভাগ, খাদ্য অধিদপ্তর

৬) সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর (খাদ্য অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের

অনুরোধ করা হলো)

- ৭) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, ঢাকা
- ৮) সাইলো অধীক্ষক, নারায়ণগঞ্জ সাইলো
- ৯) জেলা খাদ্য নিয়ন্ত্রক, নারায়ণগঞ্জ, ঢাকা



২৫-৩-২০২১

মোঃ ফজলে রাব্বী হায়দার

উপ-পরিচালক